ইনকিলাব

তারিখ: 20 MAR 2003
পৃষ্ঠা ... কলাম ৩

## শিক্ষকরা প্রাইভেট পড়াতে ব্যস্ত

# রাজবাড়ীর সরকারী স্কুল-কলেজগুলোতে শিক্ষার মান ক্রমাবনতির দিকে

মোঃ মোমিনুল ইসলাম ঃ জেলা সদর রাজবাড়ীসহ জেলার ৭টি সরকারী স্কুল ও কলেজে শিক্ষার মান ক্রমশ অবনতির দিকে যাচ্ছে। সরকারী ঐসব শিক্ষা প্রতিষ্ঠানের এক শ্রেণীর শিক্ষক ক্লাসে ছাত্র-ছাত্রীদের পড়াশুনার প্রতি নজর না দিয়ে প্রাইভেট পড়ানোর প্রতি অধিক আগ্রহী। এতে কোমলমতি ছাত্র-ছাত্রী ও অভিভাবকবৃন্দ অত্যন্ত উদ্বেগ প্রকাশ করেছেন। অভিভাবকদের পক্ষ থেকে বলা হয়েছে, সরকারী স্কুল-কলেজগুলোর অধিকাংশ শিক্ষক বিশেষ করে ইংরেজি শিক্ষক ক্লাসে সিলেবাস অনুযায়ী পড়াশুনা না করিয়ে তাদের বাসা-বাড়ীতে ছাত্র-ছাত্রীদেরকে প্রাইভেট পড়িয়ে বেশ অর্থ হাতিয়ে নিচ্ছে। এতে গরীব মেধাবী ছাত্র-ছাত্রীরা বেশ ক্ষতিগ্রস্ত হচ্ছে। অর্থের বিনিময়ে যে শিক্ষক প্রাইভেট পড়াচ্ছেন, তারা ক্লাসে পড়াশুনার প্রতি নজর না দিয়ে ঢালাওভাবে প্রাইভেট পড়ানোর প্রতি ঝুঁকে পড়েছেন। তাতে ছাত্র-ছাত্রীদের প্রকৃত মেধা যাচাই করা সম্ভব হচ্ছে না। যে সকল ছাত্র-ছাত্রী অর্থের অভাবে প্রাইভেট পড়তে পারছে না তাদের মেধা অংকুরেই বিনষ্ট হতে চলেছে। যে সময়টুকু এ সকল শিক্ষক প্রাইভেট পড়ান সে সময়টুকু ক্লাসে পাঠদান করলে ছাত্র-ছাত্রীরা বেশ উপকৃত হবে এ কথা তারা বেমালুম ভুলে গিয়েছেন। এছাড়া সরকারী কলেজগুলোতে দক্ষ ইংরেজি শিক্ষকের অভাবে ইংরেজি শিক্ষার মান দিন দিন অবনতির দিকে ধাবিত হচ্ছে। বর্তমান সরকার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে সুন্দর একটি ইংরেজি আবশ্যিক পুস্তক সিলেবাসে অন্তর্ভুক্ত করেছে। বলাবাহুল্য, সে বিষয়ে ছাত্র-ছাত্রীদের ধারণা না দিয়ে যে প্রশ্ন করা হচ্ছে তা ছাত্র-ছাত্রীদের আদৌ বোধগম্য নয়। ইংরেজি বিষয়ে ছাত্র-ছাত্রীদের সাধারণ জ্ঞানতো দূরের কথা ইংরেজি ভাষার মূলপ্রাণ Tense সম্পর্কে ছাত্র-ছাত্রীদের কোন ধারণা নেই। ফলে একজন ছাত্র নিজে ইংরেজিতে কোন বাক্য গঠন করতে পারে না। অথচ পরীক্ষার সময় প্রশ্ন একটি হাতে ধরিয়ে দিয়ে শিক্ষকরা খালাস পেয়ে যাচ্ছেন। প্রশ্নের উত্তর করতে কি কি জিনিসের ওপর লক্ষ্য রাখতে হবে সে বিষয়ে ছাত্র-ছাত্রীরা কিছুই জানে না। তাই এখনও সময় আছে সরকারী স্কুল কলেজের শিক্ষকদের আইন করে প্রাইভেট পড়ানো বন্ধ করা হোক, নচেৎ কোমলমতি ছাত্র-ছাত্রীরা ভবিষ্যতে অন্ধকারে নিমজ্জিত হবে সে ব্যাপারে কোন সন্দেহ নেই। সরকারী স্কুল-কলেজগুলোতে দক্ষ ইংরেজি শিক্ষকের অভাব। এ জেলায় একটি বড় ধরনের সমস্যা, এ সমস্যা নিরসনে শিক্ষকদের অগ্রণী ভূমিকা গ্রহণ করতে হবে এ প্রত্যাশা অভিভাবক মণ্ডলীর।